

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
বাছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

[www.dwa.bancharampur.brahmanbaria.gov.bd](http://www.dwa.bancharampur.brahmanbaria.gov.bd)

“ অদম্য নারী পুরস্কার ” শীর্ষক কাযক্রম এর আওতায় অদম্য নারীদের আবেদন আহ্বান:

নারী সমাজের মধ্যে বিরাজমান সকল প্রকার বিভ্রান্তি ও আশংকা দূর করে নারীদের সকল প্রতিবন্ধকতা উপেক্ষা করার শক্তিতে উজ্জীবিত অনুপ্রাণিত করার লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনায় মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে প্রতিবছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস উদযাপনকালে “অদম্য নারী পুরস্কার” শীর্ষক কাযক্রমের মাধ্যমে তৃণমূল পর্যায়ে নারী তথা অদম্য নারীদের অনুসন্ধান করে তাদের স্বীকৃতি ও সম্মাননা প্রদান করা হয়।

অদম্য নারী কি: অদম্য নারী হচ্ছে সমাজের সকল বাধা বিপত্তি অতিক্রম করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীর একটি প্রতিকি নাম।

অদম্য নারীদের ক্যাটাগরি:

- ০১। অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী
- ০২। শিক্ষা ও চাকুরিক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী
- ০৩। সফল জননী নারী
- ০৪। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোগে জীবন শুরু করেছে যে নারী।
- ০৫। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

আগ্রহী অদম্য নারীদের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১০/১১/২০২৫খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কাগজপত্র:

- ০১। প্রার্থীর ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ০২। জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
- ০৩। প্রার্থীর সফলতার বিবরণী।

  
( রাবেয়া সুলতানা হুদা )

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
বাছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া

[uwaobancharampur@gmail.com](mailto:uwaobancharampur@gmail.com)